

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
কলেজ শাখা

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.৩৩.০০১.২০.৩

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৭

১৪ জুন ২০২০

বিষয়: হাটবোয়ালিয়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা-এর ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান প্রসঙ্গে

সূত্র: শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক পত্র নং শিম/শা : ১১/৩-৯/২০১১/২৫৬, তারিখ ০৬-০৬-২০১১

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, হাটবোয়ালিয়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা -এর অধ্যক্ষের শূন্য পদে সদ্য ভারপ্রাপ্ত অধ্যক্ষ এর দায়িত্বপ্রাপ্ত মোছাঃ শামীমা নাসরিন সংশ্লিষ্ট কলেজের জ্যেষ্ঠতম শিক্ষক নন বলে শিক্ষা বোর্ড চেয়ারম্যান মহোদয়ের কাছে অভিযোগ এসেছে।

শিক্ষা মন্ত্রণালয়ের স্মারক পত্র নং শিম/শা:১১/৩-৯/২০১১/২৫৬, তারিখ ০৬-০৬-২০১১ মোতাবেক বেসরকারি স্তরের কোনো উচ্চ মাধ্যমিক শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যক্ষের পদ শূন্য হলে কলেজের জ্যেষ্ঠতম শিক্ষক ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব পালন করবেন।

এমতাবস্থায়, শিক্ষা মন্ত্রণালয়ের উপর্যুক্ত স্মারক পত্রের নির্দেশনার আলোকে বর্ণিত কলেজের অধ্যক্ষের শূন্য পদে কলেজের জ্যেষ্ঠতম শিক্ষককে ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্ব প্রদান করে এ শিক্ষা বোর্ডকে অবহিত করার জন্য নির্দেশক্রমে বলা হলো।



১৪-৬-২০২০

কে এম রব্বানী
কলেজ পরিদর্শক

সভাপতি, গভর্নিং বডি

হাটবোয়ালিয়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা

স্মারক নম্বর: ৩৭.১১.৪০৪১.৪৪১.৩৩.০০১.২০.৩/১

তারিখ: ৩১ জ্যৈষ্ঠ ১৪২৭

১৪ জুন ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) ভারপ্রাপ্ত অধ্যক্ষ, হাটবোয়ালিয়া উচ্চ মাধ্যমিক বিদ্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা
- ২) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, আলমডাঙ্গা, চুয়াডাঙ্গা
- ৩) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, চুয়াডাঙ্গা
- ৪) নিম্নমান সহকারী- কাম-মুদ্রাক্ষরিক, অনুমোদন শাখা, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর



১৪-৬-২০২০

কে এম রব্বানী
কলেজ পরিদর্শক